

## الصَّبْر

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৯৯ তম নাম 'الصَّبْر' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الصَّبْر' শব্দের মূল ر - ب - ص , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১০৩ বার এসেছে। ধৈর্য ধারণ করা, ধৈর্য, ধৈর্যের উপদেশ দেয়া, অবিচল থাকা, ধৈর্যশীল ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الصَّبْر অর্থ: 'তিনি ধৈর্যশীল'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ ﴿١٥٣﴾

হে ঐ সমস্ত লোকেরা, যারা ঈমান এনেছো, তোমরা সবার ও সালাত দ্বারা (সাহায্য) শক্তি অর্জন করো। নিশ্চয়ই আল্লাহ সবারকারীদের সাথে থাকেন। (সূরা আল বাকারা: আয়াত নং ১৫৩)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اصْبِرُوا وَصَابِرُوا وَرَابِطُوا وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٢٠٠﴾

হে ঈমানদার লোকেরা! তোমরা সবার অবলম্বন করো, সবরের প্রতিযোগিতা করো এবং ঐক্যবদ্ধ থাকো, আর ভয় করো আল্লাহকে, অবশ্যই তোমরা সফলকাম হবো। (সূরা আলে ইমরান: আয়াত নং ২০০)

وَالْعَصْرِ ﴿١﴾ إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ ﴿٢﴾ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ  
وَتَوَّاصُوا بِالْحَقِّ وَتَوَّاصُوا بِالصَّبْرِ ﴿٣﴾

সময়ের শপথ! অবশ্যই মানুষ রয়েছে নিশ্চিত ক্ষতির মধ্যে। তবে তারা নয়, যারা ঈমান আনে, আমলে সালেহ করে, একে অপরকে সত্যের প্রতি অসিয়ত করে (উপদেশ দেয়) এবং (সত্যের উপর) সবরের সাথে অটল থাকার উপদেশ দেয়। (সূরা আল আসর: আয়াত নং ১- ৩)

## বুখারী শরীফের হাদীস:

হযরত জুবায়ের ইবনে আদী থেকে বর্ণিত, তিনি বলেন: আমি আনাস ইবনে মালিক রা: এর নিকট এসে হাজ্জাজ ইবনে ইউসুফের তরফ থেকে আমরা যে কষ্ট পাচ্ছিলাম তার বিরুদ্ধে অভিযোগ পেশ করলাম। তিনি বললেন: সবর করো, কারণ যে যুগেই আসুক না কেন, তার পরবর্তী যুগ অধিকতর খারাপ। এ অবস্থা তুমি তোমার প্রতিপালকের সাথে সাক্ষাৎ করা পর্যন্ত চলবে। আমি একথা নবী সা: থেকে শুনেছি।

## তিরমিজি শরীফের হাদীস:

তোমরা সাতটি জিনিসের পূর্বেই অবিলম্বে সকল কাজ করে ফেল। তোমরা কি এর অপেক্ষায় থাকবে যে, ১। এমন দারিদ্র আসুক যা ইসলামের নির্দেশ পালন থেকে ভুলিয়ে রাখে? ২। অথবা এমন ধন-সম্পদ আসুক যা ইসলামবিরোধীতার দিকে ঠেলে দেয়? ৩। অথবা এমন রোগ হোক যা শরীরকে খারাপ করে দেয়? ৪। অথবা এমন বার্ষিক্য আসুক যা বুদ্ধি কে নষ্ট করে দেয়? ৫। অথবা মৃত্যু এসে পড়ুক? ৬। অথবা দুষ্ট দাজ্জাল আত্মপ্রকাশ করুক? ৭। অথবা কেয়ামত এসে যাক? আর কেয়ামত তো খুবী ভীষণ ও তিক্ত।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! সময় থাকতে আমরা সাবধান হয়ে যাই। সত্য ও ন্যায়ের পথে সবরের সাথে আমরা অটল থাকি। আল্লাহর কুরআন ও সহীহ হাদীসে (সিহাহ সিত্তা) বর্ণিত পথই সত্য ও ন্যায়ের পথ। অন্যদেরকেও সত্য ও ন্যায়ের পথে চলার উপদেশ দান করি।

আল্লাহ আমাদেরকে শিরকমুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন। হে আল্লাহ, আমাদের বক্ষকে কোরআন ও হাদীস বুঝার জন্য খুলে দিন। হে আল্লাহ, কোরআন ও সহীহ হাদীসের জ্ঞানে আমাদেরকে সমৃদ্ধ করুন এবং সে মোতাবেক আমলে সালেহ করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা।